

সোনালী ব্যাংক পিএলসি

বিশ্বস্ত ও স্মার্ট

নং-এসবিপিএলসি/কাস্টম/সংস্থাপন/৪৯২

তারিখ : ২৬.১২.২০২৪

কমিশনার
কাস্টম হাউস ঢাকা,
কর্মিটোলা, ঢাকা।

বিষয় : বর্ষসমাপনী ডিসেম্বর, ২০২৪ এর সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে সোনালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকার নির্দেশনা মোতাবেক ৩০.১২.২০২৪ তারিখে বিদ্যমান ব্যাংকিং সময় বিকাল ৪.০০ ঘটিকার পর শাখার সকল লেনদেন বন্ধ থাকা প্রসঙ্গে।

মহোদয়,

শিরোনামোক্ত বিষয়ে আইটি ডিভিশন (বিজনেস আইটি), সোনালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকার ১৮ ডিসেম্বর ২০২৪ তারিখের ১৫২৩ সংখ্যক পত্রের (কপি সংযুক্ত) সূত্র উল্লেখ্য।


২.০০ঃ আসন্ন বর্ষসমাপনী ডিসেম্বর, ২০২৪ এর সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে ৩০ ডিসেম্বর, ২০২৪ তারিখ ব্যাংকের সকল শাখা Sign out হওয়ার পর Back up গ্রহণ, Closing Process পরিচালনা এবং Database tuning সম্পাদন করতে কোন ধরণের অনাকাঙ্ক্ষিত/সিস্টেমগত ত্রুটি না ঘটলে সম্ভাব্য ৩৮ ঘন্টা সময় লাগবে। এ বছর কোন সাপ্তাহিক ছুটি না থাকায় ৩০ ডিসেম্বর, ২০২৪ তারিখ ব্যাংকের সকল শাখা Sign out হওয়ার পর সন্ধ্যা ৬.০০ টা হতে আইটি ডিভিশন কর্তৃক বর্ষ-সমাপনী সংক্রান্ত কার্যক্রম শুরু করা হলে তা সম্পন্ন হবে ০১ জানুয়ারি ২০২৫ তারিখ সকাল ০৮.০০ টায়।

৩.০০ঃ এই শাখায় গ্রাহক স্বার্থে এবং সরকারি সেবা (Custom Duty এবং CR জমা) প্রদানের নিমিত্ত প্রচলিত ব্যাংকিং সময়ের পরও সেবা প্রদান করা হয়। কিন্তু প্রধান কার্যালয়ের উল্লেখিত পত্রের নির্দেশনা মোতাবেক শুধুমাত্র আগামী ৩০.১২.২০২৪ তারিখ নির্দিষ্ট ব্যাংকিং লেনদেনের সময় অর্থাৎ বিকাল ৪.০০ ঘটিকার পর উক্তরূপ সেবা প্রদান সম্ভব হচ্ছে না।

৪.০০ঃ এমতাবস্থায় সোনালী ব্যাংক পিএলসি, প্রধান কার্যালয়, ঢাকার নির্দেশনা মোতাবেক আসন্ন বর্ষসমাপনী ডিসেম্বর, ২০২৪ এর সকল কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদন করত ০১ জানুয়ারি ২০২৫ তারিখ বুধবার যথাসময়ে নির্বিঘ্ন ব্যাংকিং কার্যক্রম শুরু করার লক্ষ্যে ৩০ ডিসেম্বর, ২০২৪ তারিখ বিকাল ৪.০০ ঘটিকার পর শাখার সকল ব্যাংকিং কার্যক্রম বন্ধ থাকবে।

উদ্ধৃত পরিস্থিতিতে গ্রাহকসেবা নির্বিঘ্ন রাখার স্বার্থে বিষয়টি আপনাদের সবিনয় অবহিত করা হলো।

আপনাদের বিশ্বস্ত



(মো. সিরাজুল ইসলাম ফকির)

এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার

মো. সিরাজুল ইসলাম ফকির
এসিস্ট্যান্ট জেনারেল ম্যানেজার
সোনালী ব্যাংক পিএলসি,
কাস্টম হাউস শাখা, ঢাকা।

Received
২৩/১২/২৪



www.sonalibank.com.bd

কাস্টম হাউস শাখা, ঢাকা। মোবাইল : +৮৮ ০১৭৩-১৮৯৮৭১
ই-মেইল : brcustomh@sonalibank.com.bd

হট লাইন : ১৬৬৩৯

ফোন : +৮৮ ০২-৪১০৯১২৭৬

Handwritten notes on the right side of the page, including 'Brib', 'The main ledger is not ready to upload', and 'we will see the site & upload the data'.